সরকার স্বাস্থ্যখাতের উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখছে-জনপ্রশাসন মন্ত্রী

জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন বলেন, বর্তমান সরকার স্বাস্থ্যখাতের উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখছে। প্রত্যান্ত এলাকায় স্বাস্থ্যসেবা পৌঁছাতে ওয়ার্ড পর্যায়ে একটি করে কমিউনিটি ক্লিনিক করেছে, ইউনিয়ন পর্যায়েও একজন করে ডাঃ মানুষের সেবা দিচ্ছে।

গতকাল শনিবার (১৭ ফেব্রুয়ারি) দুপুরে আদ্-দ্বীন সকিনা মেডিকেল কলেজ হাসপাতাল ও রাবেজান মঞ্জিলের উদ্যোগে মেহেরপুরে চক্ষু,ডায়াবেটিস, নাক-কান-গলা, চর্ম ও যৌন রোগীদের জন্য স্বাস্থ্য ক্যাম্প উদ্বোধনের সময় এসব কথা বলেন।

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর শালিকা মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গনে এই চক্ষু,ডায়াবেটিস, নাক,-কান-গলা,চর্ম ও যৌন স্বাস্থ্য ক্যাম্পের উদ্বোধন করা হয়।

সিএমএইচের সাবেক অধ্যাপক লে: ক:(অব) প্রফেসর ডা. আব্দুল ওয়াহাবের সভাপতিত্বে অনুষ্ঠিত স্বাস্থ্য ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সিভিল সার্জন ডা. মহী উদ্দীন আহমেদ, আদ্-দ্বীন সকিনা মেডিকেল কলেজের নির্বাহী পরিচালক ডা. মহিউদ্দিন, চেয়ারম্যান ডা.আব্দস সবুর।

প্রধান অতিথির বক্তব্যে জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি আরও বলেন, বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান সরকারি সুবিধা নিয়ে মানুষের সেবা করে যাচ্ছে।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রফেসর আ মজিদ, আদ্-দ্বীন সকিনা মেডিকেল কলেজ হাসপাতালের সহকারী ব্যবস্থাপক রবিউল হক, মাহাজ উদ্দীন, ছবিদা খাতুন প্রমূখ।

পরে জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন ফিতা কেটে চক্ষু, ডায়াবেটিস, নাক,-কান-গলা, চর্ম ও যৌন স্বাস্থ্য ক্যাম্পের উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর

জজকোর্টের পালিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, সদর উপজেলা পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান লতিফুন্নেসা লতা, ভাইস চেয়ারম্যান আবুল হাশেম, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম, কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান সেলিম রেজা, মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, শ্যামপুর শালিকা মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক প্রমুখ।

ফ্রি মেডিকেল ক্যাম্পের মাধ্যমে মেহেরপুর জেলাসহ পার্শ্ববতী প্রায় ৮ হাজার মানুষের চিকিৎসা সেবা ও ঔষধ দেওয়া হয়।

গাংনীর সাহারবাটি চারচারা বাজার কমিটির ত্রি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত

গাংনী উপজেলার সাহারবাটি চারচারা বাজারে ত্রী-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। আজ শানিবার (১৭ ফেব্রুয়ারি) সাহারবাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সকাল ৯টা থেকে ভোট গ্রহন শুরু হয়ে বিরতিহীন ভোট প্রদান চলে দুপুর ২টা পর্যন্ত।

পরে ভোট গনণা শেষে নির্বাচনী ফলাফল ঘোষনা করেন ভোট পরিচালনা কমিটির প্রধান গাংনী বাজার কমিটির সভাপতি মো: সালাহউদ্দিন শাওন। নির্বাচনে বাজারের ব্যবসায়ী মো: মহিন আলী (চাকা) মার্কায় ৯০ ভোট পেয়ে সভাপতি এবং জয়নাল আবেদীন (ছাতা) মার্কায় ১২৫ ভোট পেয়ে সাধারণ সম্পাদক নির্বাচতি হয়েছেন। তাদের প্রতিদ্বন্দী প্রার্থী সভাপতি পদে আতাউর রহমান টোকন-(আনারস) মার্কাায় পেয়েছেন ৮৫ ভোট এবং সম্পাদক পদে প্রতিদ্বন্দী প্রার্থী মো: সাইফুল ইসলাম(তালা) মার্কায় পেয়েছেন-৫১ ভোট।

১৭৯ জন ভোটারের মধে ১৭৮জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে সভাপতি ও সাধারণ সম্পাদকসহ বাজার পরিচালনা কমিটির

কার্যনির্বাহী কমিটি নির্বাচিত করেছেন। সহ-সভাপতি পদে মো: রাকিব হোসেন (কাপ-পিরিচ) মার্কায় ১৩২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছে। তার প্রতিদ্বন্দী প্রার্থী বিল্লাল হোসেন (মোটরসাইকেল) মার্কায় পেয়েছেন-৪৪ ভোট। যুগ্ম সাধারণ সম্পাদক পদে মো: হামিদুল ইসলাম (অটোবাইক) মার্কাায় ১০১ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটম প্রদিদ্বন্দী প্রার্থী তারেক হোসেন (টেবিলফ্যান) মার্কায় পেয়েছেন ৭২ ভোট। কোষাধক্ষ পদে মো: তুহিন আলম (গোলাপ ফুল) মার্কায় ১০০ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন এবং তার প্রতিদ্বন্দী প্রার্থী সাইদুল রহমান (ফুটবল) মার্কায় পেয়েছেন ৭৫ ভোট।
শতভাগ অংশ গ্রহনমুলক সাহারবাটি চারচারা বাজার কমিটির ত্রি-বার্ষিক নির্বাচনে নিরাপত্তার দায়িত্বে ছিলেন গাংনী থানা পুলিশের একটি টীম এবং স্থানীয় আনসার সদস্যরা। নির্বাচনী ফলাফল ঘোষনাকালে বাজার কমিটির আহবায়ক ইয়াসিন আলী, বাজারের প্রবীণ ব্যবসায়ী, স্থানীয় গন্যমান্য ব্যক্তিসহ নির্বাচন পরিচালনায় দায়িত্বরত ব্যক্তিরা উপস্থিত ছিলেন। পরে বিজয়ীদের গলায় ফুলের মালা দিয়ে অভিনন্দন জানান বাজারের ব্যবসায়ীরা।

“দূর্বৃত্তায়ন, অন্যায়, অনিয়ম বরদাস্ত করা হবেনা”–জনপ্রশাসন মন্ত্রী

জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেন, কোনো দূর্বৃত্তায়ন, অন্যায়, অনিয়ম বরদাস্ত করা হবেনা। অপরাধীদের কোনো দল নাই। তারা অপরাধী। নিজ জেলায় সংবর্ধিত হয়ে এসব কথা বলেন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

আজ শুক্রবার (১৬ ফেব্রুয়ারি) বিকালে মেহেরপুর শহরের ৪ নম্বর ওয়ার্ড শেখপাড়াতে আওয়ামী লীগ ও শেখপাড়া ভোরের ছোঁয়া যুব সংঘ নামের একটি সংঘনের উদ্যোগে জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনকে সংবর্ধনা দেয়া হয়।

৪ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শওকত হোসেনের সভাপতিত্বে

সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সংবর্ধিত মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

এসময় বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন, শহর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন।

সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন ভোরের ছোঁয়া যুব সংঘের সাধারণ সম্পাদক ফাহাদ খান।এর আগে জনপ্রসাশন মন্ত্রী ফারহাদ হোসেনকে ৪ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগ ও ভোরের ছোঁয়া যুব সংঘের পক্ষ থেকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

ভোটারদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে প্রধান অতিথি জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেন, মানুষ অন্যায়, অনিয়ম, দুর্বৃত্তের বিরুদ্ধে এবং শান্তি ও উন্নয়নের পক্ষে ভোট দিয়েছেন। মানুষের দু:খ দূর্দশা লাঘবে পৌরসভার প্রতিটি ওয়ার্ডের মানুষের মাঝে গিয়ে তাদের কথা শুনা হবে। মানুষের কথাগুলো শুনে, তাদের চাহিদাগুলো চিহ্নিত করে পৌরবাসির উন্নয়ন কাজ করা হবে।

মেহেরপুর পৌর এলাকার রাস্তা ঘাট, ড্রেনেজ ব্যবস্থা ও মশার উপদ্রুব বৃদ্ধি পাওয়ায় ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন, মেহেরপুর পৌর এলাকার সকল কাজ এখন থেকে বুঝে নেওয়া হবে। উন্নয়ন কাজের কোনো দুর্ণিতী অনিয়ম সহ্য করা হবেনা। কাজ সুষ্ঠু নাহলে ব্যবস্থা নেওয়া হবে।

মন্ত্রী বলেন, উন্নয়ন সুনিশ্চিত করতে মানুষ ভোটের মাধ্যমে আমাকে দায়িত্ব বুঝিয়ে দিয়েছেন। তাই এখন থেকে কি ছিলো আর কি ছিলোনা এটা ভাবার সময় নেই। জেলার সকল উন্নয়ন করা হবে।

এখন থেকে মেহেরপুর জেলাকে বাংলাদেশের মধ্যে উন্নত জনপদ হিসেবে গড়ে তোলার স্বপ্নকে বাস্তবায়ন করা হবে।

আগামি পাঁচ বছরে আমাদের ও আমাদের সন্তানদের জন্য গুরুত্বপূর্ণ সময় উল্লেখ করে মন্ত্রী আরও বলেন, আগামি পাঁচ বছরে মেহেরপুর জেলাকে নিয়ে মহাপরিকল্পনা করা হয়েছে। ব্যাপক উন্নয়ন হবে এই জেলায়।
তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা মেহেরপুর জেলাবাসিকে অনেক সম্মান দিয়েছেন।

মন্ত্রী বলেন, মেহেরপুর জেলা বাংলাদেশের ছোট্ট জেলা হলেও এই জেলার ঐতিহাসিক গুরুত্ব রয়েছে। মুক্তিযুদ্ধের সূতিকাগার ও বাংলাদেশের প্রথম রাজধানী। তাই এখানে রাজাকারের সন্তান ও রাজাকারের নাতি নাতনিরা অনুপযুক্ত।

আগামীতে এই জেলাকে মুক্তিযুদ্ধের চেতনায় সমৃদ্ধ করতে হবে। কোনো রাজাকারের বাচ্চারা জনপ্রতিনিধি হয়ে না আসতে পারে সেজন্য সবাইকে সচেতন থাকতে হবে।

তিনি বলেন, কোনো দূর্বৃত্তায়ন, অন্যায়, অনিয়ম বরদাস্ত করা হবেনা। অপরাধীদের কোনো দল নাই। তারা অপরাধী। মানুষ শান্তিতে থাকবে, কারোর জমি দখল না হয়, কেউ যেনো চাঁদাবাজি না করতে পারে, কেউ যেনো স্বর্ণ পাচার, মাদক ব্যবসা না করতে পারে,জাল স্ট্যাম্প বিক্রি না করতে পারে এজন্য সবাইকে স্বোচ্চার থাকার আহবান জানান তিনি।

উন্নত ও সমৃদ্ধ মেহেরপুর গড়ার প্রত্যয় ব্যক্ত করে জনপ্রশাসন মন্ত্রী বলেন, আগামী পাঁচ বছরের মধ্যে মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের কাজ, রেল সংযোগের উন্নয়ন, মেহেরপুর জেলার আড়াইশ বেডের হাসপাতালেটি উন্নত করে এখানে ৫৮ জন চিকিৎসক নেয়া এবং নার্সিং ইনস্টিটিউটের কাজ শেষ হবে।
এছাড়া আগামি দেড় বছরের মধ্যে, মেহেরপুর- কুষ্টিয়া আঞ্চলিক সড়কের কাজ পরিপূর্ণভাবে শেষ হবে বলেও জানান তিনি।

সম্বর্ধনা শেষে মেহেরপুর শহরের ৪নং ওয়ার্ডের শেখপাড়া, কালাচাঁদপুর, নতুনপাড়া ও মাঠপাড়ায় গণসংযোগ করেন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

মেহেরপুর সদরের ভারপ্রাপ্ত চেয়ারম্যানের মুজিবনগর

স্মৃতিসৌধে পুষ্পমালো অর্পণ

মেহেরপুর সদর উপজেলা (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পাওয়ায় মুজিবনগর স্মৃতিসৌধের পুষ্পমালা অর্পণ করেছে সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেছা লতা।

আজ শুক্রবার দুপুরে যুব মহিলা লীগের নেত্রীদের নিয়ে মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শহীদদের প্রতি শ্রদ্ধা জানান তিনি।

এ সময় মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সভাপতি সামিউন বুশরা পলি,সাধারণ সম্পাদিকা অ্যাডভোকেট রুতশোভ মন্ডল, মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুন, মেহেরপুর সদর উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা রোজিনা খাতুন,পৌর কাউন্সিলর শারমিন আক্তার শিলা, মুজিবনগর উপজেলার স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মতিউর রহমান মতিন, মোনাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ও ইউপি সদস্য ডালিম হোসেন, বাগোয়ান ইউনিয়ন ১ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জহিরুল ইসলাম উপস্থিত ছিলেন।

এ সময় লতিফুন নেছা লতা উপজেলা (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পাওয়ায় জনপ্রশাসন মন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন ও তার সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলামকে ধন্যবাদ জানান।

মেহেরপুরে ইজিবাইকের ধাক্কায় প্রাণ হারালো শিশু

অন্য শিশুদের সাথে খেলার সময় ইজিবাইকের ধাক্কায় এবার প্রান হারালো শাহিনা খাতুন নামের তিন বছর বয়সী এক শিশু।

নিহত শাহিনা খাতুন মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর গ্রামের

শাহিনুজ্জামানের মেয়ে। আজ শুক্রবার (১৬ ফেব্রুয়ারি) বেলা ১১ টার দিকে সুবিদপুর গ্রামের এই ঘটনা ঘটে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া এই তথ্য নিশ্চিত করেছেন।

জানা গেছে ঘটনার সময় শাহিনা খাতুন তার সমবয়সী খেলার সাথীদের নিয়ে রাস্তার পাশে খেলা করছিল। এসময় একই উপজেলার ঝাউবাড়িয়া গ্রামের ইজিবাইক চালক কামরুল ইসলাম তার ইজিবাইক চালিয়ে যাওয়ার সময় শাহিনাকে ধাক্কা মারে।

এতে শাহিনা গুরুতর আহত হয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর-২৫০ শ্যযা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেন। পরে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

সদর থানার ওসি সেখ কনি মিয়া বলেন, এই ঘটনায় লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরে এসএসসি ও সমমনা পরীক্ষায় অনুপস্থিত ৯৮

চলতি এসএসসি, দাখিল ও এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় বাংলা প্রথমপত্রে মেহেরপুর জেলায় ৯৮ জন অনুপস্থিত ছিলো।

জেনারেল শাখায় জেলা তিনটি উপজেলার ১৩ টি পরীক্ষা কেন্দ্রে ৭১ জন, দাখিল পরীক্ষার ২টি কেন্দ্রে ১৯ জন ও এসএসসি (ভোকেশনাল) ৩টি পরীক্ষা কেন্দ্রে ৮ পরীক্ষার্থী অনুপস্থিত ছিলো।

এসএসসি পরীক্ষার প্রথম দিনে ৭ হাজার ৩২ জন নিয়মিত শিক্ষার্থীর মধ্যে ৬ হাজার ৯৬১ জন, দাখিল পরীক্ষায় ৫৫৮ জন, নিয়মিত শিক্ষার্থীর মধ্যে ৫৩৯ এবং এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় ৯০৩ জন নিয়মিত পরীক্ষার্থীর মধ্যে ৮৯৫ পরীক্ষার্থী অংশগ্রহণ করে।

গাংনীতে নারীদের মাঝে মহিলা বিষয়ক অফিসের ঋণের চেক বিতরণ

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা বলেছেন, সংসারের সচ্ছলতা ফেরাতে পুরুষের পাশাপাশি নারীরাও এগিয়ে আসছেন। সরকার পিছিয়ে পড়া নারীদের ঋণসহ বিভিন্ন সুযোগ সুবিধা দিয়ে এগিয়ে নিচ্ছে। সরকারের দেওয়া ঋণের টাকা সঠিক উপায়ে ব্যবহার করে আয় বৃদ্ধি করতে হবে।

গ্রামীণ মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণের চেক বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা এসব কথা বলেন।

আজ বৃহস্পতিবার (১৫ ফেব্রুয়ারি) বিকালে গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত ঋণের চেক বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা মহিলা বিষয়ক অফিসার নাছিমা খাতুন।

গাংনী উপজেলা মহিলা বিষয়ক অফিসের উদ্যোগে এই উপজেলার বিভিন্ন এলাকার ১৫ জন দরিদ্র নারীর মাঝে ৪ লাখ ২৫ হাজার টাকার চেক বিতরণ করা হয়। এদের মধ্যে গরু পালনের জন্য দুই নারীকে গাভী পালনের জন্য পঞ্চাশ হাজার টাকা করে ও ১৩ জন নারীকে ক্ষুদ্র ব্যবসার জন্য ২৫ হাজার করে ঋণের চেক দেওয়া হয়েছে।

এ সময় গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও দৈনিক ইত্তেফাক পত্রিকার প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম, বাংলানিউজের জেলা প্রতিনিধি জুলফিকার আলী কানন, মানবজমিন প্রতিনিধি সাহাজুল সাজু উপস্থিত ছিলেন।

মেহেরপুরে দুই সাংবাদিকের উপর হামলা, জেলা প্রেস ক্লাবের ৭দিনের আল্টিমেটাম

মেহেরপুরের আমঝুপিতে চ্যানেল ২৪ এর স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান ও জবাবদিহির জেলা প্রতিনিধি সিরাজুদ্দোজা পাভেলের উপর হামলা ঘটনায় ৭দিনের আল্টিমেটাম কর্মসূচি ঘোষণা করেছে জেলা প্রেস ক্লাব।

আজ বৃহস্পতিবার বিকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাব মিলনায়তনে সংগঠনের সভাপতি তোজাম্মেল আযমের সভাপতিত্বে এক জরুরি সভা শেষে এ ঘোষণা করেন সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু।

অন্যদের মধ্যে বক্তব্য দেন সাবেক সাধারণ সম্পাদক ইয়াদুল মোমিন, সহসভাপতি আবু নাসের চৌধুরী সম্রাট, কোষাধাক্ষ দিলরুবা খাতুন, ইত্তেফাক প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম, আমাদের অর্থনীতি প্রতিনিধি মাসুদ রানা, লাখোকষ্ঠ প্রতিনিধি রফিকুল ইসলাম বকুল, কালবেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফি, এশিয়ান টিভি প্রতিনিধি মাসুদ রানা, আহত সাংবাদিক সিরাজুদ্দোজা পাভেল, সাংবাদিক এ সিদ্দিকী শাহিন, কামরুল ইসলাম, তোফায়েল আহমেদ, শহিদুল ইসলাম, সোমেল রানা, ওবায়দুল্লাহ প্রমুখ।

সভা শেষে সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু কর্মসূচির ঘোষণা দেন। তিনি বলেন, দুই সাংবাদিকের উপর হামলার ঘটনায় একটি মামলা হয়েছে। মামলার দুইজন আসামিকে পুলিশ আটক করেছে এজন্য পুলিশকে সাধুবাদ জানাই। একই সঙ্গে বাকি আসামিদের এক সপ্তাহের মধ্যে আটক করার দাবি জানান। এর মধ্যে যদি ওই সকল আসামি আটক না হয় তাহলে জেলা প্রেস ক্লাব বিভিন্ন কর্মসূচি হাতে নেবে। সারা বাংলাদেশের সাংবাদিকদের দিয়ে সারা দেশে এ আন্দোলন ছড়িয়ে দেওয়া হবে।

নিয়োগ পরীক্ষার সময়সূচির আংশিক পরিবর্তন

মেহেরপুরসহ কয়েকটি জেলার পুলিশ কনষ্টেবল রিক্রুট (টিআরসি) পরীক্ষার সময়সূচী আংশিক পরিবর্তন করা হয়েছে। সংশোধিত সময়সূচি অনুযায়ী সংশ্লিষ্ট জেলার পুলিশ লাইনস মাঠে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়,সংশোধিত সময়সূচি অনুযায়ী ঢাকা,রাজবাড়ী,ফেনী,লক্ষ্মীপুর, চুয়াডাঙ্গা,বগুড়া দিনাজপুর, সিলেট, কালকাঠি,পটুয়াখালী, নারায়ণগঞ্জ,মুন্সিগঞ্জ,কক্সবাজার,মেহেরপুর, নাটোর, লালমনিরহাট, গাইবান্ধা, শেরপুর, ভোলা, বরগুন,ময়মনসিংহ,গাজীপুর,শরীয়তপুর জেলায় তিন পরীক্ষার সময়সূচিতেই পরিবর্তন আনা হয়েছে।

সংশোধিত সময়সূচি অনুযায়ী এসব জেলায় শারীরিক মাপ, কাগজপত্র যাছাই ও ফিজিক্যাল এনডিউরেন্স টেস্ট হবে ২০-২৩ ফ্রেব্রুয়ারি সকাল ৮টায়। লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৬ মার্চ সকাল ১০টায়। মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষা হবে ২৩ মার্চ সকাল ১০টায়।

পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী এসব জেলায় শারীরিক মাপ ও ফিজিক্যাল এনডিউরেন্স টেস্ট হওয়ার কথা ছিল ২২-২৪ ফেব্রুয়ারি সকাল ৮টায়।

গাংনীতে মাঠ দিবস অনুষ্ঠিত

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাতের আওতায় করমদি গ্রামে মাঠ দিবসের আয়োজন করা হয়েছে।

অনুপুষ্টি সম্পন্ন দেশীয় ছোট প্রজাতির মাছ চাষ প্রযুক্তির ওপর আয়োজিত উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এলাকার মৎস্য চাষী ও সংস্থার কর্মকর্তাবৃন্দ।

এ সময় সদস্য পর্যায়ে সচেতনতা ও প্রতিরূপায়ন বৃদ্ধির লক্ষ্যে সফল

খামারীর খামার পরিদর্শনসহ প্রত্যাশিত লাভের হিসাব সরেজমিনে দেখানো হয়। উপস্থিত চাষীদের পুকুরে দেশি মাছ চাষের গুরুত্ব, গুণগত মানসম্পন্ন পোনার চাষ, পোনার প্রাপ্তি স্থানসহ অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়। এছাড়াও পুকুর ব্যবস্থাপনায় বিবেচ্য বিষয়সমূহ তুলে ধরা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।